নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক-আপডেট/২০২৫/২১৯৩ ০১ জুলাই ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ১৯তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন, রিসার্চ ফেয়ার ও একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০২৫ উপলক্ষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার ১৯ জুন ২০২৫ নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ১৯তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে রোববার (২২ জুন ২০২৫) বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বেলুন ও পায়রা উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন। এসময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814


জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ১৯তম বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপনকে ঘিরে রিসার্চ ফেয়ার ও একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদানসহ নানা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সোমবার ২৩ জুন ২০২৫ দিনব্যাপী আয়োজিত এ অনুষ্ঠানমালায় প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হায়দার আলী, নোবিপ্রবির উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, প্রাক্তন উপাচার্য (ভারপ্রাপ্ত) ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন, পুলিশ ট্রেনিং সেন্টার, নোয়াখালী এর কমান্ড্যান্ট (ডিআইজি) মো. হায়দার আলী খান, বিপিএম, নোয়াখালী জেলা প্রশাসক খন্দকার ইসতিয়াক আহমেদ, নোয়াখালী জেলা পুলিশ সুপার মোঃ আব্দুল্লাহ্-আল-ফারুক ও নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।




৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) কর্মকর্তাদের অংশগ্রহণে পাঁচদিনব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ শুরু হয়েছে। মঙ্গলবার (২৪ জুন ২০২৫) “কম্পিউটার অ্যাপ্লিকেশন এন্ড মডার্ন অফিস ম্যানেজমেন্ট” শীর্ষক ওই প্রশিক্ষণ বিশেষ অতিথি হিসেবে উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে কেন্দ্রীয় লাইব্রেরী ভবনে অবস্থিত মোবাইল এপ্স এন্ড গেইম টেস্টিং ল্যাবে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'ওয়ার্কশপ অন প্রজেক্ট প্রপোজাল রাইটিং' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৩০ জুন ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সেমিনার কক্ষে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) ক্যাম্পাস পরিদর্শনে এসেছেন এর প্রকল্প পরিচালক ও প্রতিষ্ঠাকালীন উপাচার্য অধ্যাপক ড. আবুল খায়ের। সোমবার (৩০ জুন ২০২৫) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর আমন্ত্রণে তিনি এ পরিদর্শনে আসেন।

অধ্যাপক ড. আবুল খায়ের ও তাঁর সহধর্মিণী মিসেস মমতাজ খানম দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বাংলোয় এসে পৌঁছালে নোবিপ্রবি উপাচার্য তাঁদের স্বাগত জানান। এ সময় উপাচার্য বয়োজ্যেষ্ঠ অধ্যাপক ড. আবুল খায়ের এর সঙ্গে কুশল বিনিময় করেন এবং তাঁর স্বাস্থ্যের খোঁজ-খবর নেন। নোবিপ্রবি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামোগত বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে তাঁকে অবহিত করেন। পরে ড. আবুল খায়ের বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সঙ্গে মতবিনিময় ও স্মৃতিচারণ করেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪